গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
ই-গভর্নেন্স-১ অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮৩১.১৪.০০১.২০.১৩৪ তারিখ: ৭ জ্যৈষ্ঠ ১৪৩১
২১ মে ২০২৪

বিষয়: **মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থায় অনলাইন রিপোর্ট ম্যানেজমেন্ট সিস্টেম (RMS) বাস্তবায়ন।**

সূত্র: (১) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক-০৪.০০.০০০০.৮৩৩.১৬. ০০১. ২২- ১৬, তারিখ ১৯ জানুয়ারি ২০২৩
(২) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক-০৪.০০.০০০০.৮৩২.৪৬. ০০২. ২৩-৯৯ , তারিখ ১৯ ডিসেম্বর ২০২৩

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে গত ০৫ মে ২০২৪ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক আয়োজিত এস্পায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির (পিএসসি)-এর ৭ম সভার কার্যবিবরণীর ৩.১০ নম্বর ক্রমিকে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

"যে সকল মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থায় আরএমএস সিস্টেমের প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে, তাদেরকে আরএমএস সিস্টেমের মাধ্যমে প্রতিবেদন প্রদানের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ হতে নির্দেশনা প্রদান করতে হবে"।

২। উল্লেখ্য, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক এটুআই প্রোগ্রামের মাধ্যমে সকল মন্ত্রণালয়/ বিভাগ এবং তাদের আওতাধীন দপ্তর/সংস্থায় অনলাইন রিপোর্ট ম্যানেজমেন্ট সিস্টেম (RMS) বাস্তবায়নের লক্ষ্যে সকল মন্ত্রণালয়/বিভাগ হতে ২ জন করে প্রতিনিধি নিয়ে ৩ (তিন) দিনব্যাপী Training on Trainer (TOT) প্রশিক্ষণ দেওয়া হয়েছে। এছাড়া, ৩০টি মন্ত্রণালয়/বিভাগ এবং তাদের আওতাধীন দপ্তর/সংস্থায় আরএমএস বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। সূত্রোক্ত স্মারকে ১৫ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের মধ্যে আরএমএস সিস্টেম বাস্তবায়নের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ হতে সকল মন্ত্রণালয়/বিভাগকে পত্র প্রদান করা হয়েছে।

৩। এমতাবস্থায়, তাঁর মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থায় অনলাইন রিপোর্ট ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার (RMS) চালুপূর্বক অনলাইন রিপোর্ট ম্যানেজমেন্ট সিস্টেমের মাধ্যমে আওতাধীন সকল দপ্তর/সংস্থা থেকে প্রতিবেদন আনয়ন ও প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় কারিগরি সহায়তার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের সিনিয়র সিস্টেম এনালিস্ট জনাব মোহাম্মদ ওয়াহিদুজ্জামান খাঁন (মোবাইল-০১৫৫২৪৫৯৬৬৯)-এর সঙ্গে যোগাযোগ করা যেতে পারে।

সংযুক্তি: সভার কার্যবিবরণী



২১-৫-২০২৪
মো: ছাইফুল ইসলাম
যুগ্মসচিব (সংযুক্ত)
ফোন: ৯৫১৩৩৩৯
ফ্যাক্স: ৯৫১৩৩০২

সিনিয়র সচিব/সচিব, মন্ত্রণালয়/বিভাগ (সকল)

ইমেইল: js_eg@cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮৩১.১৪.০০১.২০.১৩৪/১(৩)

তারিখ: ৭ জ্যৈষ্ঠ ১৪৩১ / ২১ মে ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ

২) সচিব সমন্বয় ও সংস্কারের একান্ত সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ

৩) ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কার অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ



২১-৫-২০২৪

মো: ছাইফুল ইসলাম

যুগ্মসচিব (সংযুক্ত)